

## Instruction for the Teachers

সম্মানিত শিক্ষকমণ্ডলী,

আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি। ভয়াল করোনা ভাইরাসের ছোবলে পৃথিবী আজ কম্পমান। প্রাকৃতিক এ ভয়াল দুর্যোগে সমস্ত জাতির মানুষ আজ চরম উৎকর্ষায় কিংকর্তব্যবিমূঢ়। প্রার্থনা, মোনাজাত, দোয়া ও বিভিন্ন সামাজিক ধর্মীয় রীতিতে মানুষ আজ সৃষ্টিকর্তাকে স্মরণ করে চলেছে। সেন্ট প্লাসিডস্ পরিবারও একই অনুভূতিতে জাতি ও বিশ্ববাসীর সাথে একাত্ম। সৃষ্টিকর্তা যেন করোনা ভাইরাসের হাত থেকে বিশ্ববাসীকে রক্ষা করেন এ প্রার্থনা করি। ভয়াল দুর্যোগেও মানুষকে এগিয়ে চলতে হয়।

শিক্ষক হিসাবে আমাদেরও রয়েছে কিছু করণীয়। শ্রেণি শিক্ষকদের অনুরোধ জানাচ্ছি আপনারা দয়া করে আপনার শ্রেণির অভিভাবকদের মুঠোফোনের মাধ্যমে যোগাযোগ করবেন ও তাদের ভালোমন্দ খোঁজখবর নিবেন।

শিক্ষার্থীবৃন্দ যেন বাসাতেই পড়াশুনা করে এবং বিশ্ববাসীর জন্য প্রার্থনা ও দোয়া করে। তারা যেন বাসায় বসেই নিজস্ব প্রস্তুতিমূলক প্রথম সাময়িক পরীক্ষার প্রশ্নপত্র দিয়ে পরীক্ষা লিখে। পরিবেশ যখন প্রতিকূল হবে তখন বিষয় শিক্ষকগণ তা নিরীক্ষণ করবেন এ বিষয়টি নিশ্চিত করবেন।

শিক্ষার্থীবৃন্দ যেন বাসায় দ্বিতীয় সাময়িক পরীক্ষার সিলেবাস অনুযায়ী পড়াশুনা শুরু করে এবং কোন অনুশীলনী যদি বুঝতে সমস্যা হয় তবে বিষয় শিক্ষকদের সাথে যোগাযোগ করে তা সমাধান করতে পারে তা নিশ্চিত করবেন। শিক্ষকদের মুঠোফোনের তালিকা স্কুল ওয়েব সাইটে

( [www.stplacid.edu.bd](http://www.stplacid.edu.bd)) দেয়া থাকবে।

শিক্ষা মন্ত্রণালয় শিক্ষক ও সাহায্যকর্মীদের একদিনের গ্রহণীয় বেতন প্রধানমন্ত্রীর ত্রানতহবিলে জমা দানের নির্দেশনা দিয়েছেন। জাতীয় দুর্যোগে কর্তৃপক্ষ তা আন্তরিকভাবে বিবেচনা করছে। বিষয়টি সকল শিক্ষক ও সাহায্যকর্মীদের জানানো যাচ্ছে।

আপনাদের সার্বিক সহযোগিতার জন্য আন্তরিকভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

ধন্যবাদান্তে

অধ্যক্ষ

ব্রাদার সুব্রত লিও রোজারিও সি.এস. সি